



৩০০ ফিটে ভয়াবহ রোলস-রয়েস দুর্ঘটনা: মাস্কো গ্রুপের এমডিসহ ৪জন আহত



দুর্ঘটনা পরবর্তী ছবি

রাজধানীর ৩০০ ফিট সড়কের সুমু মার্কেট এলাকা সংলগ্ন রোডে ভয়াবহ সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন মাস্কো গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক (এমডি), তাঁর স্ত্রী এবং দুই সন্তান। দুর্ঘটনাটি ঘটে আজ বিকেল ৫টার দিকে। দুর্ঘটনার শিকার গাড়িটি ছিল বিলাসবহুল ব্রিটিশ গাড়ি রোলস-রয়েস, যা বাংলাদেশে এ ধরনের প্রথম সড়ক দুর্ঘটনায় জড়িত হলো বলে জানা গেছে।

আজ (শুক্রবার) বিকাল আনুমানিক ৫টায় রাজধানীর ৩০০ ফিট সড়কের সুমু মার্কেট সংলগ্ন এলাকায় ঘটে যায় এক হৃদয়বিদারক সড়ক দুর্ঘটনা। মাস্কো গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক, তাঁর স্ত্রী ও দুই সন্তান একটি রোলস-রয়েস ব্র্যান্ডের গাড়িতে করে যাচ্ছিলেন। হঠাৎ করে গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে থাকা একটি বাঁক ঘেঁষে ভয়াবহভাবে ছিটকে পড়ে যায়। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, গাড়িটির গতি ছিল অত্যন্ত বেপরোয়া এবং সেটি প্রায় ১০০ মিটার দূরে গিয়ে আছড়ে পড়ে। রোলস-রয়েসটি কয়েক মাসখানেক আগেই কেনা হয়েছিল বলে জানা গেছে। এটি ছিল মাস্কো গ্রুপের চেয়ারম্যানের পুত্রের মালিকানাধীন গাড়ি।

দুর্ঘটনার তীব্রতায় গাড়িটির সামনের অংশ সম্পূর্ণভাবে দুমড়ে-মুচড়ে গেছে এবং ভিতরে থাকা যাত্রীরা গুরুতর আহত হয়েছেন। আহতদের তাৎক্ষণিকভাবে নিকটস্থ একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে।